# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

প্রশাসন পরিপত্র নং-১৮/২০১৬ তারিখ ঃ ১৫-১১-২০১৬ খ্রিঃ

বিষয় ঃ ব্যাংকের কর্মচারী গৃহ নির্মাণ অগ্রিমের সিলিং পুনঃনির্ধারণসহ নীতিমালায় কতিপয় সংশোধনী আনয়ন প্রসংগে।

গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা সংক্রান্ত প্রশাসন পরিপত্র নং-১২/২০১০ তারিখঃ ১৪-১০-২০১০ খ্রিঃ ও প্রশাসন পরিপত্র নং-০৮/২০১২ তারিখঃ ১৯-০৬-২০১২ খ্রিঃ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। পরিচালনা পর্ষদের ৬৭২ ও ৬৭৩তম সভায় ব্যাংকের বিদ্যমান কর্মচারী গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালায় সিলিং পুনঃনির্ধারণসহ কতিপয় বিষয়ে সংশোধনী আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে, যা নিম্নে সন্নিবেশিত হলো ঃ

(ক) সিলিং পুনঃনির্ধারণ

ব্যাংকের কর্মচারী গৃহ নির্মাণ অগ্রিমের সিলিং নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো ঃ

লক্ষ টাকায়

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীদের বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পর্ষদ কর্তৃক অনুমোদিত গৃহ নির্মাণ অগ্রিম সিলিং | | | |
|---|---|---|---|---|---|
| | | ঢাকা মেট্রোপলিটন, রাজউক, সাভার পৌর এলাকা, সকল সিটি কর্পোরেশন এলাকা এবং ঢাকা সিটি কর্পোরেশন সংলগ্ন আবাসিক প্রকল্প/নাগরিক সুবিধা সম্পন্ন এলাকা | পুরাতন জেলাসদরের (১৯৭১ সনের পূর্বের জেলা সমূহ) পৌর এলাকা | নতুন জেলা সদরের (১৯৭১ সনের পরের জেলা সমূহ) পৌর এলাকা ও ক্যান্টনমেন্ট বোর্ড | থানা সদর/ পৌর এলাকা এবং থানা সদর/ পৌর এলাকার বাইরের এলাকা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (১) | টাঃ ৪৩,০০০ -৬৯,৮৫০/- ও তদুর্ধ স্কেলের কর্মকর্তা | ৮৫.০০ | ৭৫.০০ | ৬৫.০০ | ৫৫.০০ |
| (২) | টাঃ ২২,০০০-৫৩,০৬০/- ও তদুর্ধ কিন্তু টাঃ ৪৩,০০০ - ৬৯,৮৫০/- এর নিম্নের স্কেলভূক্ত কর্মকর্তা | ৮০.০০ | ৭০.০০ | ৬০.০০ | ৫০.০০ |
| (৩) | টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/- এর স্কেলভূক্ত কর্মকর্তা/ কর্মচারী | ৬৫.০০ | ৫৫.০০ | ৪৫.০০ | ৪৫.০০ |
| (৪) | টাঃ ১২৫০০-৩০,২৩০/- এর স্কেলভূক্ত কর্মচারী | ৫৮.০০ | ৫০.০০ | ৪০.০০ | ৪০.০০ |
| (৫) | টাঃ ১১,৩০০ - ২৭,৩০০/- এবং টাঃ ১১,০০০-২৬,৫৯০/- এর স্কেলভূক্ত কর্মচারী | ৫০.০০ | ৪৫.০০ | ৩৮.০০ | ৩৫.০০ |
| (৬) | টাঃ ১০,২০০-২৪,৬৮০/-, টাঃ ৯,৭০০-২৩,৪৯০/-, টাঃ ৯,৩০০-২২,৪৯০/- ও টাঃ ৯,০০০-২১,৮০০/- এর স্কেলভূক্ত কর্মচারী | ৪২.০০ | ৩৮.০০ | ৩৫.০০ | ৩০.০০ |
| (৭) | টাঃ ৮,৮০০- ২১,৩১০/-, টাঃ ৮,৫০০-২০,৫৭০/- ও টাঃ ৮,২৫০-২০,০১০/- এর স্কেলভূক্ত কর্মচারী | ৩৫.০০ | ৩০.০০ | ২৮.০০ | ২৫.০০ |

উল্লেখ্য, বাজেট বরাদ্দ ও অন্যান্য নিয়মাচার পরিপালন সাপেক্ষে উল্লিখিত সিলিং মোতাবেক কর্মচারীদের গৃহনির্মাণ অগ্রিম মঞ্জুর করা যাবে।

চলমান পাতা-০২

(খ) **বাড়ী নির্মাণের ক্ষেত্রে মঞ্জুরীকৃত অগ্রিমের কিস্তি নির্ধারণ** ঃ নির্মাণ সামগ্রীর মূল্য, পরিবহন ব্যয় ও শ্রমিকের মজুরী বৃদ্ধি পাওয়ায় নির্মাণ কাজের সুবিধার্থে মঞ্জুরীকৃত অগ্রিম বিতরণের প্রতিটি কিস্তি ৫.০০ লক্ষ টাকা করে নির্ধারণপূর্বক একাধিক কিস্তিতে বিতরণ করতে হবে। তবে শেষ কিস্তি ৫.০০ লক্ষ টাকার কম হলে সে পরিমাণ অর্থই বিতরণ করতে হবে।

(গ) **অবসরকালীন আদায় পদ্ধতি** ঃ অগ্রিম গ্রহীতার অবসরোত্তর ছুটি (পিআরএল) শেষ হওয়ার পূর্বদিন পর্যন্ত স্বাভাবিক পদ্ধতিতে পরিশোধ প্রক্রিয়া বহাল থাকবে। পরবর্তীতে অগ্রিম গ্রহীতার প্রাপ্য যাবতীয় আর্থিক সুবিধাদি (আর্থিক সুবিধাদি বলতে প্রয়োজনে ১০০% পেনশন বেনিফিট, ভবিষ্য তহবিল, ছুটি নগদায়ন ইত্যাদি বুঝাবে) হতে গৃহ নির্মাণ অগ্রিমের অনাদায়ী স্থিতি এককালীন সমন্বয় করতে হবে।

(ঘ) **ফ্ল্যাট ক্রয়** ঃ সকল নাগরিক সুবিধা এখনও উপজেলা পর্যন্ত সম্প্রসারিত হয়নি বিধায় জেলা শহর পর্যন্ত ফ্ল্যাট ক্রয়ে অগ্রিম মঞ্জুর করা যাবে।

(ঙ) **জমি ক্রয় খাতে অগ্রিম মঞ্জুরী** ঃ জমি ক্রয় ও ভূমি উন্নয়নের ক্ষেত্রে পূর্বের সিলিং বহাল থাকবে। তবে শর্ত থাকে যে, জমি ক্রয় ও ভূমি উন্নয়ন খাতে অগ্রিমের পরিমাণ সংশ্লিষ্ট কর্মচারীর মঞ্জুরকালীন সময়ে প্রাপ্য মূল বেতন এবং পেনশনযোগ্য হারের ভিত্তিতে নির্ধারিত এমসিএল এর অধিক হবে না।

০৩। ব্যাংকের বিদ্যমান কর্মচারী গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালার অন্যান্য বিষয়াবলী অপরিবর্তিত থাকবে।

০৪। কর্মচারী গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালার উক্তরূপ সংশোধনী অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

১৫/১১/২০১৬

( মোঃ জহির ইকবাল )
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকা/এইচআরএমডি-২/১৬(১)/২০১৬-২০১৭/১৫৯৩(১২৫০) তারিখ ঃ ১৫-১১-২০১৬ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ (মহাব্যবস্থাপক) বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পরিপত্রটি **ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।**
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৯। নথি/মহানথি।

( কে.এম.ইউসুফ হারুন )
সহকারী মহাব্যবস্থাপক